বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

২০১৯-২০২০ সেশনের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়া :

১	আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর ভর্তির ওয়েবসাইট http://brur.admissionreg.net এর মাধ্যমে করতে হবে। এ ওয়েবসাইটে আবেদনকারী বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর সকল ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবেন। যে কোন ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও অনলাইনে প্রতি পেইজের নির্দেশাবলি পড়ে নিন।
২	**৩ অক্টোবর, ২০১৯ ইং তারিখ রাত ১২টা থেকে ২৫ অক্টোবর, ২০১৯ ইং তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।**
৩	যে কোন ইউনিটে ভর্তির আবেদন করার জন্য ভর্তির ওয়েবসাইটের http://brur.admissionreg.net লিঙ্কে গিয়ে **'HSC/Equivalent Application'** বাটনে ক্লিক করতে হবে।
৪	**'HSC/Equivalent Application'** বাটনে ক্লিক করার পর আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম প্রদান করার ফর্ম দেখতে পাবেন। তথ্য গুলো সঠিক ভাবে পুরণ করে **'Submit'** বাটনে ক্লিক করতে হবে।
৫	যদি গুগল ক্যাপচা (এটি একটি স্বয়ংক্রিয় পাবলিক ট্যুরিং পরীক্ষা, যা কম্পিউটার ও মানুষের মাঝে পার্থক্য নির্ণয় করে) আবেদনকারীর পেইজে দৃশ্যমান হয় সেক্ষেত্রে সতর্কতার সাথে ক্যাপচা ভেরিফিকেশন সম্পন্ন করে পরবর্তী পেইজে যেতে হবে। কয়েকটি ক্যাপচা ভেরিফিকেশন এর নমুনা হল (Storefront, Car, Truck, Tree, cycle, Traffic light etc.)
৬	আবেদনকারীর তথ্য সমূহ সঠিক হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর চাওয়া হবে। মোবাইল নম্বর সঠিক ভাবে প্রদান করে '**Submit**' করলে আবেদনকারীর মোবাইলে একটি "**Confirmation Code**" পাঠানো হবে। আবেদনের সময় যে মোবাইল নম্বর ব্যবহার করা হবে টা অবশ্যই আবেদনকারীর মোবাইল নম্বর হতে হবে। উক্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল নোটিফিকেশান বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে।
৭	এই ধাপে **Confirmation Code** টি চাওয়া হবে এবং সঠিকভাবে তা প্রদান করলেই কেবলমাত্র আবেদনের মূল পেইজে যেতে পারবে।
৮	**Confirmation Code** প্রদান করে **'Submit'** করার পর **Confirmation Code** টি সঠিক হলে আবেদনকারীর একটি প্রোফাইল তৈরি হবে এবং সেখানে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাঙ্ক্ষিত এক বা একাধিক কোটা যুক্ত করে নিতে পারবেন।
৯	ভর্তির ওয়েবসাইটে লগইন করার সময় কোন আবেদনকারী যদি **Invalid Information** সমস্যার সম্মুখীন হয়ে থাকেন, তাহলে উক্ত ওয়েব পেজে থাকা **Click here if you face invalid information** লিঙ্কে ক্লিক করতে হবে। উক্ত লিঙ্কে ক্লিক করার পড় নতুন একটি পেজ আসবে। এই পেজ এ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের তথ্য প্রদান করে **Claim** বাটনে ক্লিক করে অভিযোগ জমা দিতে হবে। অভিযোগ জমা হওয়ার পর Helpdesk এ প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।
১০	আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষর অবশ্যই নির্দিষ্ট মাপের হতে হবে এবং ছবির ক্ষেত্রে আবেদনকারীর চেহারা অনাবৃত থাকতে হবে। ছবি ও স্বাক্ষর আপলোডের সময় দেখানো নির্দেশিকা ভালো করে পড়ে তা যথাযথ অনুসরণ করতে হবে।

	ছবি ও স্বাক্ষর কেবল ১(এক) বার আপলোড করা যাবে। ছবি ও স্বাক্ষর আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না।
১১	আবেদনকারী তার প্রোফাইল এ **Apply** অপশনে ক্লিক করে তিনি কোন কোন ইউনিটে আবেদনের যোগ্য তার একটি তালিকা দেখতে পাবেন। উক্ত তালিকায় প্রত্যেক ইউনিটের জন্য আবেদন ফি এবং আলাদা আলাদা **Apply** বাটন দেখতে পাওয়া যাবে। কিন্তু ছবি ও স্বাক্ষর আপলোড সম্পন্ন না হলে আবেদনকারী কোন ইউনিটে আবেদন করতে পারবে না।
১২	আবেদনকারী যে ইউনিটে আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিটের "**Apply**" বাটনে ক্লিক করলে একটি **Private Key** দেখতে পাবেন। Private Key, আবেদন ফি এবং আবেদনকৃত ইউনিটের নামসম্বলিত একটি SMS আবেদনকারীর মোবাইল নম্বরে পাঠানো হবে। আবেদনকারী **Private Key** এর নিচে **Mobile Financial Service Operator** এর লোগো সম্বলিত বাটন দেখতে পাবেন। যেটির মাধ্যমে আবেদন ফি প্রদান করতে ইচ্ছুক সেই বাটনে ক্লিক করলে আবেদন ফি পরিশোধের নিয়ম দেখা যাবে। সঠিকভাবে উক্ত নিয়ম অনুসরণ করে আবেদন ফি পরিশোধ করতে হবে। **আবেদন ফি ২৬ অক্টোবর ২০১৯ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত জমা দেওয়া যাবে।** পেমেন্ট সম্পন্ন হলে **Transaction ID** সংরক্ষণ করুন। 'শিওরক্যাশ' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ ১। প্রথমে আপনার মোবাইল হতে ***495#** ডায়াল করুন ২। **Payment** অপশন নির্বাচন করুন ৩। **Keyword** অপশন নির্বাচন করে **BRUR** টাইপ করুন ৪। আপনার **Private Key** দিন ৫। ফি প্রদান সম্পন্ন করতে আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন আবেদন ফি সঠিকভাবে জমা দেয়া না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। নির্দিষ্ট অঙ্কের আবেদন ফী সঠিকভাবে জমা হলে আবেদনকারীর প্রোফাইলের সংশ্লিষ্ট ইউনিটের ঘরে Payment কলামে সবুজ কালিতে **Successful** লিখা দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিটের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস জানতে পারবেন এবং পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা ও আসন বিন্যাস সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নোটিশ প্রদান করে এবং আবেদনকারীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। [বিঃ দ্রঃ আবেদন ফী জমাদান শেষে প্রাপ্ত ট্রানজেকশন আইডি (**TrxID**) টি এবং সিস্টেম হতে প্রাপ্ত **Private Key** টি সংরক্ষণ করুন।]
১৩	প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার **Roll No.** ও **Applicant No.** থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলীতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
O Level ও A Level সার্টিফিকেটধারী আবেদনকারীদের জন্য নির্দেশনা:	
১	O Level ও A Level সার্টিফিকেটধারী আবেদনকারীকে **২০ অক্টোবর ২০১৯** এর মধ্যে ভর্তির ওয়েবসাইটের **http://brur.admissionreg.net** লিঙ্কে গিয়ে **'O-Level & A-Level Application'** বাটনে ক্লিক করতে হবে।
২	**'O-Level & A-Level Application'** বাটনে ক্লিক করার পর আবেদনকারী নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ, লিঙ্গ, মোবাইল নম্বর, O-Level মার্কশিট এবং A-Level মার্কশিট প্রদান

	করার ফর্ম দেখতে পাবেন। O-Level মার্কশিট এবং A-Level মার্কশিট jpg বা pdf ফাইল হিসেবে আপলোড করা যাবে। তথ্য গুলো সঠিক ভাবে পুরণ করে **‘Submit’** বাটনে ক্লিক করতে হবে।
৩	**‘Submit’** বাটনে ক্লিক করার পর আবেদনকারীর মোবাইলে SMS এর মাধ্যমে পরবর্তী নির্দেশনা জানিয়ে দেয়া হবে।
৪	**২০ অক্টোবর ২০১৯** এর পর বিশ্ববিদ্যালয়ের নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদনকারীকে **O Level ও A Level** সার্টিফিকেটধারীদের একটি Equivalent ID জানিয়ে দেয়া হবে।
৫	Equivalent ID পাওয়ার পর ২১ অক্টোবর ২০১৯ থেকে আবেদনের শেষ সময় পর্যন্ত আবেদনকারীকে ভর্তির ওয়েবসাইটের **http://brur.admissionreg.net** লিঙ্কে গিয়ে **‘O-Level & A-Level Application’** বাটনে ক্লিক করে উক্ত Equivalent ID মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Equivalent (A-Level/O-Level) নির্বাচন করে **‘Submit’** বাটনে ক্লিক করতে হবে। অন্য সকল নির্দেশনা যথাযথ নিয়মে অনুসরণ করে আবেদনকারী আবেদন সম্পন্ন করতে পারবেন।